



স্ত্রীর কি তাঁর স্বামীর প্রতি আকাঙ্খা থাকা উচিত?

না। পয়দায়েশ ৩:১৬ আয়াতে প্রেক্ষাপটে নয়। আল্লাহ্ নারীকে বলেন:

“স্বামীর জন্য তোমার কামনা হবে, আর সে তোমার উপর কর্তৃত্ব করবে”

এই বাসনা কেন ভাল জিনিস নয়? এই বাসনা বলতে কি বোঝায়?

বাসনা এসেছে হিব্রু শব্দ সুকাহ **T'SUQAH** (“tuh-soo-kah”) থেকে।

পুরাতন নিয়মে এই শব্দ ৩ বার ব্যবহৃত হয়েছে। পয়দা ৩:১৬, পয়দা ৪:৭, সোলাইমানের শীর ৭:১০।

T'SUQAH = বাসনা নাকি ফিরানো/বদলানো।

T'suqah = বাসনা

বর্তমানকালে প্রায় প্রতিটি কিতাব অনুবাদ এবং ব্যাখ্যা করে **t'suqah** অর্থ *বাসনা*। এই বাসনা বলতে আসলে বোঝায় শারিরীক বাসনা বা স্বামীদেরকে নিয়ন্ত্রণ করার বাসনা/আকাঙ্খা।

যাইহোক, ১৫২৮ সালের পূর্বে কেউই **t'suqah** কে বাসনা বা কামনা অনুবাদ করেনি। ১৫২৮ সনে, পেজিনো নামে একজন ডমিনিকান সন্ন্যাসী এই শব্দটিকে কামনা, বাসনা অথবা নিয়ন্ত্রণ হিসেবে অনুবাদ করেন। তিনি রবিনিক ঐতিহ্যের দিকে মারাত্মক ভাবে ঝুঁকে ছিলেন, যা নারীদের শারিরীক কামনার কথা বলে। আরও জানার জন্য ইহুদি টালম্যাডে হবার দশটি অভিষেপের ব্যাপারে দেখুন।

সুগাহ T'suqah = ফিরানো বা বদলানো

আমাদের অবশ্যই দেখতে হবে ১৫২৮ সনের পূর্বে এই শব্দটিকে কি অনুবাদ করা হতো- ১২ টি পুরাতন অনুবাদের প্রতিটি এই শব্দ ফিরানো বা বদলানো (ইংরেজিতে টার্নিং) হিসেবে অনুবাদিত হয়েছে। লাতিনরা এর অনুবাদ করেছে “*conversio*,” এবং স্পোর্টজিস্টরা (গ্রীক) এর অনুবাদ করেছে “*apostrophe*.” লাতিন এবং গ্রীক উভয়টিতে এই শব্দের প্রধান ধারণা বাসনা বা নিয়ন্ত্রণের পরিবর্তে বদলানো/ফিরানো

পতনের পূর্বে, নারীরা কোন দিকে দৃষ্টি নিবদ্ধ রেখেছিল? পতনের পর তার দৃষ্টি কোন দিকে গেল? **পতনের পর নারী তার আনুগত্য ও মনোযোগের দৃষ্টি বৃহৎ থেকে ক্ষুদ্রের দিকে নিয়ে আসে।** পতিত পৃথিবীতে নারী তার মনোযোগ আল্লাহের দিক থেকে সরিয়ে তার একনিষ্ঠতা পুরুষের প্রতি দেখানোর দিকে ঝুঁকে পড়ে। নিরাপত্তা, উদ্দেশ্য, সুরক্ষার জন্য তীব্র আকাঙ্খা-তাও আবার ভুল উৎস থেকে। যার ফলে সুস্পষ্টরূপেই, এই ফিরে যাওয়া অনেকগুলি দুঃখজনক ফলাফলের দিকে নিয়ে যায়।

উপসংহার

পতনের সময় অনেক কিছুই পরিবর্তন ঘটায়! পাপ শুধু যে পৃথিবীতে প্রবেশ করে এবং আল্লাহের সাথে মানুষের সহভাগিতা নষ্ট করে তা নয় বরং এটি নারী পুরুষের সম্পর্কেও ক্ষতিগ্রস্ত করে। **t'suqah**, শব্দটি দ্বারা আল্লাহের পতনের ফলে নারীর একটি ঝোঁকের কথা প্রকাশ করেছেন। তারা আল্লাহের কাছে নিজেদেরকে উৎসর্গ করতে মুশকিলে পড়বে। - বরং তার থেকে পুরুষের একটি হাসি তাদের বেশি পছন্দনীয় হবে। আজকের দিন পর্যন্ত প্রায় প্রতিটি বিশ্বাসী তাদের দৃষ্টি, আকাঙ্খা এবং ফোকাস আল্লাহের দিকে নিবদ্ধ রাখতে যুক্ত করে। বরং পৃথিবীর দিকে ঝুঁকে পড়া তাদের জন্য সহজ।

*১২ টি প্রাচীন অনুবাদ যা **t'suqah** কে ফিরানো/বদলানো অনুবাদ

করেছে: * গ্রীক সেন্টুজিয়ান্ট, সিরিয়া পেশিতা, সামারিটান পেন্টিয়াখ, ওল্ড লাতিন, সাহিডিক, বোহারিক, ইথিওপিক, অ্যারাবিক, অ্যাকুইলাস গ্রীক, সাইমাচুস গ্রীক, থিওডোশনস্ গ্রীক, এবং লাতিন ভালগেট। এই অনুবাদগুলিতে কে ২১ বারের মধ্যে ১৮ বারই ফিরানো/ বদলানো বলা হয়েছে।

আরও গবেষণা দেখুন:

ক্যাথরিন বুশনেল, ওয়াল্টার কাইসার

মূল শব্দ

תשוקה

t'suqah

মূল শব্দ

apostrophe

apo থেকে

strophe - ফেরা

৪ টি গুরুত্বপূর্ণ প্রশ্ন

- এই পৃষ্ঠাটি আল্লাহ্ সম্পর্কে আমাদেরকে কি শেখায়?
- জাতি বা লোক সম্পর্কে কি শিক্ষা দেয়?
- আমি কোন আদেশটি পালন করবো?
- আমি এটি কার কাছে বলতে পারি?

